

**বিনা মূল্যে বসুন্ধরার  
 খাতা পেল ইউসেপের  
 শিক্ষার্থীরা**

বাংলাদেশ  
 দেশের স্বনামধন্য প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপ আন্তর্জাতিকভাবে চিনাডেনস এককেশনাল প্রোগ্রামের (ইউসেপ) ১৩ হাজার ৫৬৫ শিক্ষার্থীর মধ্যে বিনা মূল্যে খাতা বিতরণ করেছে।  
 উবিধাতে আরো সামাজিক সহযোগিতামূলক কার্যক্রম ইউসেপের সঙ্গে প্রাকার পাশাপাশি ইউসেপের শিক্ষার্থীদের বসুন্ধরা শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মসংস্থানের সুযোগ করে দেবে বসুন্ধরা গ্রুপ। বসুন্ধরা গ্রুপের পক্ষে থেকে গ্রুপের ভেপটি ম্যানেজিং ডিরেক্টর মোস্তাফিজুর রহমান খাতা প্রদান করে বিভিন্ন সহযোগিতার আধার দেন।  
 রাজধানীর মিরপুরে ইউসেপ শিক্ষাপ্রতিষ্ঠানে গতকাল পরিবার সন্ধ্যায় ওয়ার্ল্ড ফুডেটিন ডে উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এ খাতা দেওয়া হয়। অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয় ছিল শিশুপ্রম বন্ধ করি শিক্ষা নিশ্চিত করি। এ সময় বসুন্ধরা গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর মোস্তাফিজুর রহমান বলেন, ইউসেপ মহৎ কাজ করেছে। সামনের দিনগুলোতে বসুন্ধরা গ্রুপ ইউসেপকে নানা ক্ষেত্রে সাহায্যের হাত আরো প্রসারিত করবে। তিনি বলেন, ইউসেপ শিক্ষার্থীদের জন্য বসুন্ধরা শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে। বাংলাদেশে ইউসেপের কার্যক্রম শুরু হয় ১৯৭২ সালে। শিক্ষার্থীদের কারিগরি ও সাধারণ শিক্ষা প্রদানের মাধ্যমে তারা আত্মকর্মসংস্থানে সহযোগিতা করেছে। প্রায় দুই লাখ শিশু ইউসেপের শিক্ষা কার্যক্রমের মাধ্যমে উপকৃত হয়েছে। সাতটি বিভাগীয় শহর ও পাবনা পুরে বর্তমানে শিক্ষার্থী সংখ্যা ৪৭ হাজার।  
 এ সময় উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপের চিফ মার্কেটিং অফিসার (প্রমোশন) মো. সাইফুল ইসলাম হেলালী, বসুন্ধরা পেপার মিলস লিমিটেডের আঞ্চলিক মেনেজ ম্যানেজার মো. আহম্মদ ইসলাম প্রমুখ।